

ককিত  
১৯৭৩

১১ ১ ১৯৭৩  
৩

**হাজী দানেশ ভাঙ্গিটিতে  
ছাত্রলীগ-ছাত্র শিবির  
সংঘর্ষে আহত ১৫**

■ **স্টাফ রিপোর্টার, দিনাজপুর:**  
সোমবার, রাতে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) ছাত্রলীগের সাথে ছাত্রশিবিরের নেতাদের দফায় সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। জিয়া হলে প্রবেশ করে ডাফের চালিয়েছে শিবিরকর্মীরা। ১০ রাউন্ড টিয়ারশেল নিষ্ক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। ছাত্রলীগের বিক্ষুব্ধ কর্মীরা রেজিস্ট্রার ও প্রটরনয় ৫ জনকে ২ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। পরিস্থিতি সামাল দিতে ক্যাম্পাসে দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে জিয়া হল থেকে অবিস্ফোরিত ২টি ককটেল উদ্ধার করেছে পুলিশ।  
প্রত্যক্ষদর্শীরা জানান, আবাসিক হল থেকে ছাত্রশিবিরের বিতাড়িত নেতাকর্মীরা সোমবার সন্ধ্যায় জিয়া হলে দফায় দফায় হামলা চালায়। পৃষ্ঠা ১৯ কলাম ৫

**হাজী দানেশ ভাঙ্গিটিতে**

**প্রথম পৃষ্ঠার পর**  
জিয়া হলের আশবাবপত্র এবং দরজা-জানালা ভাঙের করা হয়। এদময় ছাত্রলীগের নেতাকর্মীদের সঙ্গে শিবিরের নেতাকর্মীদের সংঘর্ষ বেধে যায়। পরিস্থিতি শান্ত করতে ১০ রাউন্ড টিয়ারশেল ছুঁড়ে পুলিশ। হামলায় আহত হয় ছাত্রলীগের জিয়া হল শাখার আহবায়ক আহিদ, যুগ্ম আহবায়ক সিকাতসহ ৩ জন নেতা। এদের মধ্যে সিকাতকে দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শিবিরের প্রায় ১০ জন আহত হয়েছে। রাত ৮টার দিকে জিয়া হল পরিদর্শনের সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. বলরাম রায়, প্রটর প্রফেসর হারুনুর রশিদ, ছাত্রবিষয়ক পরামর্শক প্রফেসর ড. শাহাদত হোসেন সিদ্দিক, সহকারী হল সুপার অফিসার রহমান নবেদ এবং সহকারী পরিচালক মনিমুল রহমানকে দুই ঘণ্টা অবরুদ্ধ করে রেখেছিল ছাত্রলীগের নেতাকর্মীরা।